# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** সুমাইতা ও তার বান্ধবীরা দশম শ্রেণির সমাপনী অনুষ্ঠান করবে। এক্ষেত্রে তারা প্রত্যেকের মতামত অনুযায়ী গ্রহণযোগ্য "সমাপনী অনুষ্ঠানের পরিকল্পনা তৈরি করে। প্রত্যেকের মধ্যে চাঁদা তোলা, গিফট কেনা, খাবারের ব্যবস্থা ও বিনোদনের ব্যবস্থা ইত্যাদি কাজ ভাগ করে দেয় এবং কাজটি সঠিকভাবে হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করে। অনুষ্ঠান শেষে নিজেদের কাজের মূল্যায়ন করে।

ক. গৃহ ব্যবস্থানার মূল চাবিকাঠি কোনটি? ১

খ. অভিযোজন করা বলতে কী বোঝ? ২

গ. সুমাইতার ক্লাশ সমাপনী অনুষ্ঠান পরিকল্পনার ধাপসমূহের সাথে গৃহ ব্যবস্থাপনার সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো সুমাইতার পরিকল্পনা সফলতার সাথে সম্পন্ন হবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** নার্গিস সুলতানা ৭ম তলায় নিজের নতুন ফ্ল্যাটে ওঠেন। নতুন ফ্ল্যাটে কাঠের আসবাবপত্রগুলো নতুন দেখানোর জন্য বার্ণিশ করেন এবং প্রতিটি কক্ষে পর্দার প্রয়োজনীয়তা অনুভব করেন। এছাড়া তিনি প্রতিটি কক্ষে খাট, আলমারি, সোফাসেট, বিভিন্ন ছবি ও ফুলদানিতে ফুল ইত্যাদি সাজিয়ে রাখেন। কিন্তু তার কোনো বিন্যাসই আকর্ষণীয় লাগে না। নার্গিসের কলিগ পপি বেড়াতে এসে তাকে "আসবাব বিন্যাসের নিয়ম সম্পর্কে পরামর্শ দেন।

ক. কোন ধরনের ভারসাম্য গৃহ সজ্জায় নতুনত্ব সৃষ্টি করে? ১

Teachingbd24.com

খ. আসবাবপত্রের উপযোগীতা বলতে কী বোঝ? ২

গ. নার্গিসের ফ্ল্যাটে পর্দার প্রয়োজনীয়তা অনুভবের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. কলিগ পপির পরামর্শটি মূল্যায়ন কর। ৪

৩.▶ বংশগতি ও পরিবেশ এই দুই উপাদানের পারস্পরিক ক্রিয়া দ্বারা শিশুর বিকাশ নির্ধারিত হয়। শিশুর জন্য বংশগতি গুরুত্বপূর্ণ বিষয়। কেননা জন্ম থেকে ক্ষীণ বুদ্ধি সম্পন্ন একটি শিশুকে উন্নত পরিবেশে প্রতিপালন করলেও মানসিক বিকাশে সমস্যা রয়েই যায়। আবার অধিক বুদ্ধিমত্তা নিয়ে জন্মানো শিশুকে সঠিক পরিবেশ না দিলে তার বুদ্ধির পূর্ণাঙ্গ বিকাশ ব্যাহত হয়।

ক. বর্ধন কিসের অন্তর্গত? ১

খ. শিশুর বিকাশমূলক কার্যক্রম সম্পর্কে আমাদের ধারণা থাকলে কী ধরনের সুবিধা হবে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোন পদ্ধতিতে মানুষের লিঙ্গ নির্ধারিত হয় ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে কোন উপাদানটি শিশুর বিকাশকে প্রভাবিত করে? বিশ্লেষণ কর। ৪

৪.▶ রোজার বয়স ১৪ বছর এবং ১০ শ্রেণির ছাত্রী। প্রায়ই সে স্কুল থেকে পালিয়ে যায় এবং বন্ধুর সাথে আড্ডা দেয়। সে বাবা মায়ের চেয়ে বন্ধুর কথা বেশি শোনে এবং বাবা মার সাথে ঝগড়া করে। একদিন স্কুল পালানোর সময় সে স্কুলের দাড়োয়ানের কাছে ধরা পড়লে স্কুল কর্তৃপক্ষ বাবা-মাকে ডাকেন এবং তার সন্তান সম্পর্কে জানান। রোজার এ ধরনের আচরণ নিয়ে বাবা-মা খুবই চিন্তায় আছেন।

ক. বিভিন্ন ধরনের অপরাধ প্রবণতা কোন ধরনের সমস্যা? ১

Teachingbd24.com

খ. গবেষকদের মতে কোন ছেলেমেয়েরা বেশি কিশোর অপরাধ করে? ২

গ. রোজার মধ্যে যে ধরনের সমস্যার লক্ষন দেখা যাচ্ছে তা শনাক্ত করো। ৩

ঘ. রোজার মধ্যে বিদ্যমান সমস্যা থেকে তার বাবা মা কিভাবে উত্তরণ ঘটাবে বা সমাধান করবে? বিশ্লেষণ করো। ৪

৫. ▶ সখিনা বেগম কলে ছাটা চাল ও ময়দার তৈরি রুটি খেয়ে থাকেন। সকালবেলা অল্প পরিমাণে খাওয়ার পরও দুপুরবেলা তার ক্ষুধা লাগে না। ইদানিং প্রায়ই তার হাত-পা অবশ হয়ে আসে। আবার স্বামী হক সাহেব ঘর থেকে বের হন না। তিনি কোমর ও পায়ের ব্যথায় ভুগছেন।

ক. দেহের ৯৯% ক্যালসিয়াম কোথায় থাকে? ১

খ. কার্বোহাইড্রেট কোন উপাদানের সমন্বয়ে তৈরি? ২

গ. সখিনা বেগমের কোন রোগ হয়েছে? উক্ত রোগের লক্ষণগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. হক সাহেবের ব্যথার কারণ বিশ্লেষণ করো। ৪

৬. ▶




ক. কী খাদ্যের একটি তালিকা বিশেষ? ১

খ. রেসিপি বলতে কী বোঝায়? ২

গ. স্কুলের মিলাদে কোন পরিবেশন পদ্ধতি প্রযোজ্য? পদ্ধতিটি বর্ণনা করো। ৩

https://teachingbd24.com

ঘ. কোন পরিবেশন পদ্ধতি বাঙালি সংস্কৃতির সাথে সম্পর্কিত? বিশ্লেষণ করো। ৪

৭.▶ স্বনন ঈদের পোশাক কিনতে গিয়ে মহাঝামেলায় পড়েছিল। একজন কিশোর হিসাবে তার উচ্চতা কিছুটা কম। সে কাবুলি পাঞ্জাবী চাচ্ছিল যাতে করে তাকে লম্বা দেখায়। বন্ধুরা তাকে পরামর্শ দিলেও সেগুলো তার মনঃপুত হচ্ছিল না। অবশেষে তার একটি সমান্তরাল রেখার কাবুলি পাঞ্জাবী সেট খুব পছন্দ হলো এবং সে সেটি কিনল।

ক. পরিচ্ছদের স্বার্থকতা কিসে? ১

খ. সুন্দর ব্যক্তিত্ব গঠনে রঙের ভূমিকা কীরূপ? ২

গ. স্বননের জন্য কেমন রেখার পোশাক নির্বাচন করা উচিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. স্বননের পোশাক কতটা যথাযথ হয়েছে? বিশ্লেষণ করো। ৪

৮.▶ জুডি সব সময় সুতি পোশাক পরে। একবার রাজশাহীতে বেড়াতে গিয়ে সিল্ক পোশাকের শো রুমে গিয়ে নানারকম পোশাক দেখে অভিভূত হয়ে গেল। দাম বেশি হলেও জুডি অনেকগুলো সিল্কের পোশাক কিনল।

ক. তন্তু কী? ১

খ. শীতবস্ত্র হিসাবে পশমি পোশাক পরিধান করা হয় কেন? ২

গ. জুডির শোরুমে পোশাক দেখে অভিভূত হওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. জুডির ব্যবহৃত ও ক্রয়কৃত পোশাকের তুলনামূলক পার্থক্যগুলো লেখো। ৪

Teachingbd24.com

# গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. গৃহ ব্যবস্থাপনায় কাজের ফলাফল যাচাই করা হয় কোন ধাপে?**

ক) প্রথম  খ) দ্বিতীয়
গ) তৃতীয়  ঘ) শেষ

**২. কোনটি মধ্যবর্তীকালীন লক্ষ্য?**

ক) স্কুলে যাওয়া
খ) যোগ্য টিউটরের সন্ধান করা।
গ) ভাল রেজাল্ট করা
ঘ) সঠিকভাবে পড়াশুনা করা

**৩. একজন গৃহ ব্যবস্থাপক আত্মসংযম গুণের অধিকারী হলে-**

i. পারিবারিক অনেক কঠিন সমস্যার সমাধান করা যায়
ii. সদস্যদের আচরণগত বৈশিষ্ট্য জানা যায়
iii. পারিবারিক সদস্যদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা সহজ হয়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৪. আমাদের অসীম চাহিদাকে সীমিত সম্পদ দ্বারা পূরণ করা যায় কীভাবে?**

ক) সম্পদের সুষ্ঠু ব্যবহার করে
খ) সম্পদকে ইচ্ছামতো ব্যবহার করে
গ) সম্পদের বেশি ব্যবহার করে
ঘ) সম্পদের অনিয়ন্ত্রিত ব্যবহার করে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫ ৬ নং প্রশ্নের উত্তর দাও :**

কৌতূহলী মৌসুমী ৯ম শ্রেণির ছাত্রী। প্রায়ই সে ঘরের অপ্রয়োজনীয় জিনিস যেমন : ডিমের খোসা, শক্ত কাগজ, টিস্যু বক্স ইত্যাদি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করে টেবিলে সাজিয়ে রাখে।

**৫. মৌসুমী তার কৌতূহলী মানসিকতা দ্বারা -**

i. গৃহসজ্জার সামগ্রী তৈরি করতে পারে
ii. গৃহকে আকর্ষণীয় করতে পারে
iii. অব্যবহৃত জিনিসগুলো ব্যবহার উপযোগী করতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৬. উক্ত কাজের মাধ্যমে মৌসুমীর মধ্যে ফুটে উঠে-**

ক) ব্যক্তিত্ব  খ) অধ্যবসায়
গ) সৃজনশীলতা  ঘ) অভিযোজ্যতা

**৭. কোন সময়কে শিশুর প্রারম্ভিক শৈশব বলা হয়?**

ক) ২-৩ বছর  খ) ২-৪ বছর
গ) ২-৫ বছর  ঘ) ২-৬ বছর

**৮. শিশুর বিকাশে কোন ধরনের প্রক্রিয়া?**

ক) আবেগিক  খ) জটিল
গ) মিশ্র  ঘ) সরল

**৯. ভাইবোনের ভালো সম্পর্ক শিশুকে শেখায়-**

i. নিজ স্বার্থ বড় করে দেখা
ii. কোনো জিনিস ভাগাভাগি করা
iii. পরস্পরকে সাহায্য করা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**১০. কাদের মধ্যে বিষণ্নতা বেশি দেখা যায়?**

ক) বৃদ্ধদের চেয়ে শিশুদের
খ) শিশুদের চেয়ে বৃদ্ধদের
গ) ছেলেদের চেয়ে মেয়েদের
ঘ) মেয়েদের চেয়ে ছেলেদের

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও ঃ**

৯ম শ্রেণির ছাত্র আবিদ। সে ক্লাসে অমনোযোগী। মা-বাবার চাইতে বন্ধুদের কথায় গুরুত্ব দেয় বেশি। মা কিছু বললে সে ঘরের জিনিসপত্র ভাঙচুর করে।

**১১. আবিদের মধ্যে কোন সমস্যার লক্ষণ দেখা দিয়েছে?**

ক) বিষণ্নতা  খ) কিশোর অপরাধ
গ) হতাশা  ঘ) উদ্বেগ

**১২. কীভাবে এই পর্যায় থেকে আবিদকে বের করে আনা সম্ভব-**

i. ভালো বন্ধু নির্বাচনের মাধ্যমে
ii. অপরাধমূলক কাজে উৎসাহ না দেয়া
iii. সন্তানের সাথে মা-বাবার দৃঢ় সম্পর্ক স্থাপন

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৩. নবজাতকের রক্তে কোন অস্বাভাবিক মাত্রায় বৃদ্ধি পেলে মস্তিষ্কের কোষের ক্ষতি হয়?**

ক) বিলিরুবিন  খ) হিমোগ্লোবিন
গ) শ্বেতকণিকা  ঘ) গ্লোবিউলিন

Teachingbd24.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :

মাহিম ৫ম শ্রেণির ছাত্রী। মাহিনের দাঁতগুলো সুন্দর হওয়ায় তাকে হাসলে খুব সুন্দর দেখায়। কিন্তু কিছুদিন যাবৎ তার দাঁতের মাড়ি ফুলে যাচ্ছে এবং দাঁতের গোড়া দিয়ে রক্ত পড়ছে।

**১৪. কোন ভিটামিনের অভাবে মাহিম এই সমস্যায় ভুগছে?**

ক) ভিটামিন 'এ' খ) ভিটামিন 'বি'
গ) ভিটামিন 'সি' ঘ) ভিটামিন 'ডি'

**১৫. মাহিনের সুস্থতার জন্য কোন খাবারগুলো খাওয়া উচিত?**

ক) আমলকি, পেয়ারা, আমড়া, লেবু
খ) দুধ, দই, ছানা, কাঁটাযুক্ত ছোট মাছ
গ) পুঁইশাক, লালশাক, ডাঁটা শাক, ঢেঁড়শ
ঘ) ডিমের কুসুম, কলিজা, মাছ, মাংস

**১৬. সকল খাদ্যের পরিপাক ক্রিয়া কিসের মাধ্যমে সম্পন্ন হয়?**

ক) রেচনতন্ত্রের খ) পরিপাকতন্ত্রের
গ) স্নায়ুতন্ত্রের ঘ) শ্বসনতন্ত্রের

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও ঃ

রবীন কোনো কাজের রুটিন মেনে চলে না, অনেক রাত ধরে টিভি দেখে, কম্পিউটার গেম খেলে। সকালে সঠিক সময়ে ঘুম থেকে উঠতে পারে না। ফলে সারাদিনের কাজের কোনো ধারাবাহিকতা থাকে না।

**১৭. কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য রবীনের করণীয়-**

i. সময়ের সদ্ব্যবহার করা
ii. বিলাসী জীবনযাপন করা
iii. সময়ের অনুশীলন করা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৮. উদ্দীপকে উল্লিখিত অনিয়মের জন্য রবীনের কী ধরনের শারীরিক সমস্যায় পড়তে পারে?**

ক) শরীর ফুলে যাওয়া
খ) ঘুমিয়ে স্বপ্ন দেখা
গ) কর্মদক্ষতা বৃদ্ধি পাওয়া
ঘ) কর্মদক্ষতা কমে যাওয়া

**১৯. অতিথির সংখ্যা বেশি, জায়গা কম থাকলে কোন পরিবেশনের ব্যবস্থা করা যায়?**

ক) ট্রে খ) বুফে
গ) প্যাকেট ঘ) টেবিল

**২০. মোড়কজাত খাবারের মেনু তৈরির সময় কয়টি মৌলিক বিভাগ থেকে খাদ্য নির্বাচন করতে হবে?**

ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**২১. টেক্সটাইল শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?**

ক) টেক্স খ) টেক্সো
গ) টাক্সা ঘ) টেক্সাস

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :

রোজীনা দেখতে রোগা ও লম্বা। সে খাড়া রেখার পোশাক পরিধান করতে পছন্দ করে। এতে তাকে আরো বেশি লম্বা মনে হয়।

**২২. রোজীনার জন্য কোন রেখার পোশাক উপযোগী?**

ক) সমান্তরাল খ) তীর্যক
গ) আঁকাবাঁকা ঘ) বক্র

**২৩. রোজীনার পছন্দের পোশাক কোন ধরনের অনুভূতি আনে-**

ক) বিশ্রাম ও আরাম
খ) সততা ও সাহস
গ) সংযম ও আরাম
ঘ) নমনীয়তা ও সততা

**২৪. বস্ত্র প্রিন্টিং গুরুত্বপূর্ণ কেন?**

ক) বস্ত্র টেকসই করতে
খ) বস্ত্র নমনীয় করতে
গ) বস্ত্র আকর্ষণীয় করতে
ঘ) বস্ত্র রঙিন করতে

**২৫. শিশুর ফতুয়া তৈরির ক্ষেত্রে গলার চওড়া নির্ধারণ করতে হয় কীভাবে?**

ক) কাঁধের অর্ধেক খ) কাঁধের $\frac{১}{৪}$ অংশ
গ) বুকের অর্ধেক ঘ) বুকের $\frac{১}{১২}$ অংশ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক |
| | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | | |